

কুমিল্লা বোর্ড-২০১৭

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ২৮৭

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান— ৭০

[টীকা: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। এদের উদ্দেশ্যগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶ বাগদা চিংড়ি চাবের জন্য বাংলাদেশের বাগেরহাট জেলা অত্যন্ত বিখ্যাত। প্রতি বছর এ চিংড়ি রপ্তানি করে বাংলাদেশ প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে। কিন্তু উপযুক্ত সংরক্ষণের ব্যবস্থা না থাকায় বাগেরহাটের প্রকৃত চিংড়ি চাষিরা এর সুবিধা থেকে বঞ্চিত হয়। একথা ভেবে জনাব হিমেল বাগেরহাটে একটি অত্যাধুনিক হিমাগার স্থাপন করেছেন। ফলে চাষি এবং ভোক্তা উভয় শ্রেণিই চিংড়ি সংরক্ষণ ও বিক্রয়ের মাধ্যমে উপকৃত হচ্ছে।

- ক. অভিজ্ঞতা কী? ১
- খ. বিপণন কীভাবে বৃহদায়তন উৎপাদনে সহায়তা করে? ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে জনাব হিমেলের স্থাপিত অত্যাধুনিক হিমাগার কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. “বিপণন কর্মকাণ্ড জীবনযাত্রার মান উন্নয়নে সহায়ক”— উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

২. ▶ ঢাকার খিলগাঁও বস্তি এলাকার পিতৃহীন কিশোর ইমন সামান্য পুঁজি নিয়ে ঢাকার কাওরান বাজার থেকে সবজি কিনে নিজস্ব ভ্যানে করে তা বিক্রয় করে। একদিন হরতাল চলাকালীন সবজি বিক্রয়ের সময় একটি মিছিল থেকে একদল লোক এসে ভ্যানের ওপর আক্রমণ ও ভাঙচুর করে এবং তাকে মারধর করে মারাত্মক আহত করে। এতে ইমনের ব্যবসায় বন্ধ হওয়ায় ভবিষ্যতের কথা ভেবে সে দুশ্চিন্তাগ্রস্ত হয়ে পড়েছে।

- ক. সরবরাহকারী কারা? ১
- খ. “কোম্পানি বিপণন কার্যক্রমের ওপর সরাসরি প্রভাব ফেলে”— ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকের কিশোর ইমনের কার্যক্রম ব্যক্তিক পরিবেশের কোন উপাদানের অন্তর্গত?— ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত সামষ্টিক পরিবেশের উপাদানটি দেশের সামগ্রিক অর্থনীতিতে কিরূপ প্রভাব ফেলে তা বিশ্লেষণ করো। ৪

৩. ▶ ‘সানন্দ বেকারি’ দেশের বিভিন্ন এলাকা থেকে ময়দা, চিনি, দুধ, ডিম ও অন্যান্য বেকারি পণ্য উৎপাদনের সামগ্রী সংগ্রহ করে কেক, পাউরুটি, বিস্কুট ও অন্যান্য বেকারি পণ্য তৈরি করে। অতঃপর শহরের বিভিন্ন দোকানে এসব পণ্য সামগ্রী সরবরাহ করে। পণ্যের গুণগত মান উন্নত হওয়ায় তাদের বেকারী পণ্যের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ক্রেতাদের আগ্রহের কথা বিবেচনা করে তারা দেশি মিষ্টি, সাধারণ মিষ্টি ও কম মিষ্টি সম্পন্ন পাউরুটি ও বিস্কুট তৈরি ও সরবরাহ করছে। বর্তমানে তাদের সাফল্য আকাশছোঁয়া।

- ক. মোড়কিকরণ কী? ১
- খ. “বিপণনের সর্বাধিক গুরুত্বপূর্ণ কাজ হলো বিক্রয়”— ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে “সানন্দ বেকারি” বেকারি সামগ্রী প্রস্তুত ও সরবরাহের মাধ্যমে বিপণনের কোন কোন কাজ সম্পাদন করেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. “সানন্দ বেকারির সাফল্যের পিছনে পর্যায়িতকরণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে”— তুমি কি এ ব্যাপারে একমত? বিশ্লেষণ করো। ৪

৪. ▶ “ঢাকা ফুড কোম্পানি” মুন্সিগঞ্জ থেকে সরাসরি আলু ক্রয় করে। এ আলু দিয়ে তারা কুড়মুড়ে ও মচমচে সতেজ চিপস তৈরি করে, যা শিশু-কিশোরদের কাছে খুবই জনপ্রিয়। বর্তমানে তারা বিভিন্ন বয়সের লোকদের কথা চিন্তা করে নানা স্বাদের চিপস তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে।

- ক. পণ্য কী? ১
খ. “ভোক্তা বাজারের আয়তন অত্যন্ত ব্যাপক”— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত “ঢাকা ফুড কোম্পানি” কোন বাজারের ক্রেতা? ব্যাখ্যা করো। ৩
ঘ. “বর্তমানে প্রতিষ্ঠানটি যে ভিত্তির উপর গুরুত্ব দিয়ে বাজার বিভক্তিকরণ করতে চায় তা অত্যন্ত যৌক্তিক”— তুমি কি এ বিষয়ে একমত? বিশ্লেষণ করো। ৪

৫. ▶ ‘অনন্ত ফ্যাশন হাউজ’ এর মালিক জনাব স্বপ্নীল গাজীপুরের বিভিন্ন গার্মেন্টস থেকে রুচিসম্মত বিভিন্ন ডিজাইনের তৈরি পোশাক ক্রয় করেন। তিনি ২০% মুনাফায় পোশাকের বিক্রয় মূল্য নির্ধারণ করেন। আসন্ন ঈদ উপলক্ষ্যে তিনি বিভিন্ন ধরনের মূল্য ছাড় দিয়ে ক্রেতাদের আকৃষ্ট করার সিদ্ধান্ত নিয়েছেন।

- ক. জবুরি পণ্য কী? ১
খ. “সুবিধা পণ্য নিয়মিত ক্রয় করা হয়।”— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে অনন্ত ফ্যাশন হাউজের মালিক জনাব স্বপ্নীল মূল্য নির্ধারণের ক্ষেত্রে কোন পদ্ধতি অনুসরণ করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. “বিভিন্ন ধরনের মূল্য ছাড় পণ্যের বিক্রয় বাড়াতে সাহায্য করবে”— তুমি কি এ উক্তির সাথে একমত? যুক্তি দাও। ৪

৬. ▶ চমক ইলেকট্রনিকস জাপানের বিখ্যাত “সনি ব্রান্ডের” টেলিভিশন আমদানি করে। প্রতিষ্ঠানটি পণ্য বিক্রয়ের ক্ষেত্রে ক্রেতাদের ১০ বছরের বিক্রয়োত্তর সেবার নিশ্চয়তা দেয়। এতে প্রতিষ্ঠানটি ক্রেতাদের নিকট থেকে ব্যাপক সাড়া পায়।

- ক. পণ্যের জীবনচক্র কী? ১
খ. “বিপণন মিশ্রণের একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হল মূল্য”— ব্যাখ্যা করো। ২
গ. ‘চমক ইলেকট্রনিক্স’ এর আমদানিকৃত টেলিভিশন কোন ধরনের পণ্য? ব্যাখ্যা করো। ৩
ঘ. ‘চমক ইলেকট্রনিক্স’ এর আমদানিকৃত টেলিভিশন বিপণনে বিক্রয়োত্তর সেবা অত্যন্ত গুরুত্বপূর্ণ— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৭. ▶ ঢাকা ক্লোথ স্টোর-এর স্বত্বাধিকারী জনাব আরিফ সিরাজগঞ্জ থেকে লুজি ও গামছা এনে ইসলামপুরের বিভিন্ন ব্যবসায়ীর কাছে বিক্রয় করেন। তিনি এ কাজে নিজস্ব ট্রাক ব্যবহার করেন। ফলে জনাব আরিফ ব্যবসায়ী ঈর্ষণীয় সাফল্য পাচ্ছেন। বর্তমানে তিনি একটি বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসায় সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়েছেন।

- ক. ভোগ্যপণ্য কী? ১
খ. শিল্পপণ্যের বণ্টন প্রণালি ক্ষুদ্র হয় কেন— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের জনাব আরিফ নিজস্ব ট্রাক ব্যবহারের মাধ্যমে যে ধরনের উপযোগ সৃষ্টি করেছেন তা ব্যাখ্যা করো। ৩
ঘ. “বাণিজ্যিক ব্যাংক বণ্টন-সংক্রান্ত কার্য সম্পাদনের মাধ্যমে পণ্য বিপণনে সহায়তা করে”— মধ্যস্থ ব্যবসায়ীর ধরন উল্লেখপূর্বক ব্যাখ্যা করো। ৪

৮. ▶ ঢাকার ‘জোনাকি বস্ত্র বিতান’ একটি বিখ্যাত প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দেশি ও বিদেশি উন্নতমানের প্যান্ট, শার্ট ও স্যুটের কাপড় বিক্রয় করে। এ প্রতিষ্ঠান থেকে রাজশাহীর সুপারটেন-সহ অনেক ব্যবসায় প্রতিষ্ঠান নিয়মিত কাপড় ক্রয় করে ভোক্তাদের

কাছে বিক্রয় করে। ভোক্তারা এসব দোকান থেকে তাদের পছন্দমত কাপড় কিনতে পারে। ফলে সুপারটেনসহ এসব দোকানের সাফল্য দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে।

- ক. ডিসকাউন্ট স্টোর কী? ১
খ. “মধ্যস্থব্যবসায়ীরা পণ্য মূল্য বৃদ্ধিতে ভূমিকা রাখে”— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে জোনাকি বস্ত্র বিতান এর কার্যক্রমকে কোন ধরনের ব্যবসায় বলে? ব্যাখ্যা করো। ৩
ঘ. রাজশাহীর ‘সুপারটেন’-এর সাফল্যের কারণ ব্যবসায়ের ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ করো। ৪

৯. ▶ “ক্রিয়ার ফ্লাশ” মোবাইল জগতে একটি স্বনামধন্য প্রতিষ্ঠান। এটি প্রতিনিয়ত তাদের মোবাইল সেট-এর নিত্যনতুন ডিজাইন বাজারে ছাড়ে। তারা পণ্যের প্রচারের জন্য সংবাদপত্র ও টেলিভিশনের বিভিন্ন চ্যানেলের সাথে চুক্তিবদ্ধ হয়েছে। পাশাপাশি প্রতিষ্ঠানটি পণ্যের বিক্রয় বৃদ্ধির জন্য লটারি মাধ্যমে পুরস্কারেরও ঘোষণা দিয়েছে।

- ক. সাময়িকী কী? ১
খ. “প্রচার হলো অ-অর্থ প্রদত্ত প্রসার কৌশল”— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে “ক্রিয়ার ফ্লাশ” কোম্পানি প্রথম পর্যায়ে ক্রেতাদের অবহিত করার জন্য প্রসার মিশ্রণের কোন হাতিয়ার ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. “লটারির ঘোষণা দেয়ায় উদ্দীপকের কোম্পানির বিক্রয় ব্যাপক বৃদ্ধি পাবে।”— তুমি কি একমত? প্রসার মিশ্রণ কৌশলের ধরন উল্লেখপূর্বক তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

১০. ▶ “প্রতিভা” একটি বিখ্যাত বিভাগীয় বিপণী। প্রতিষ্ঠানটি বিভিন্ন বিভাগে শিক্ষিত ও সুদর্শন বিক্রয়কর্মী নিয়োগ দিয়ে প্রতিষ্ঠান পরিচালনা করে। কর্মীদের মধ্যে সততা ও নির্ভরযোগ্যতা বাড়ানোর জন্য প্রতিষ্ঠানটি মাঝে মাঝে প্রশিক্ষণের ব্যবস্থা করে।

- ক. বিক্রয়কর্মী কে? ১
খ. ‘ব্যক্তিক বিক্রয় একটি দ্বিমুখী যোগাযোগ পদ্ধতি’— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি বিক্রয়কর্মী নিয়োগের ক্ষেত্রে বিক্রয়কর্মীর কোন ধরনের গুণাবলির উপর গুরুত্ব আরোপ করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. “সৎ ও নির্ভরযোগ্য বিক্রয়কর্মী প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি করে”— তুমি কি এ উক্তির সাথে একমত? বিক্রয়কর্মীর গুণাবলির ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ করো। ৪

১১. ▶ অদিতি, হৃদি, শাকিল ও তানভীর জাহাজীরনগর বিশ্ববিদ্যালয়ের চার সহপাঠী। তারা পড়াশুনার পাশাপাশি বিভিন্ন ধরনের কসমেটিক সামগ্রি তৈরি করে। ‘স্বপ্ন সম্ভার’ নামে এসব পণ্যের পরিচিতির জন্য তারা ওয়েবসাইটের মাধ্যমে বিভিন্ন ক্রেতাদের সাথে যোগাযোগ করে। এতে তারা ব্যাপক সাড়া পায়। বর্তমানে তারা একই ব্যবস্থাপনায় পরিচালিত ও নিয়ন্ত্রিত খুচরা বিপণী প্রতিষ্ঠানের বিভিন্ন শাখাতে তাদের তৈরিকৃত পণ্য সরবরাহের সিদ্ধান্ত নিয়েছে।

- ক. প্রত্যক্ষ বিপণন কী? ১
খ. “গ্রিন মার্কেটিং পরিবেশবান্ধব পণ্য বিপণনকে উৎসাহিত করে”— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কার্যক্রমের মাধ্যমে কোন ধরনের বিপণন ধারণা প্রতিফলিত হয়েছে, ব্যাখ্যা করো। ৩
ঘ. “একই ব্যবস্থাপনায় পরিচালিত ও নিয়ন্ত্রিত খুচরা বিপণী প্রতিষ্ঠানের বিভিন্ন শাখাতে পণ্য সরবরাহের সিদ্ধান্ত ব্যবসায় সম্প্রসারণে ভূমিকা রাখবে”— খুচরা বিপণীর ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ করো। ৪

বিবেশ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্মিলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট করে। প্রতিটি প্রশ্নের মান ১।।

১. পর্যায়িতকরণ কিসের ভিত্তিতে বিভাজন করা হয়?

- (ক) গুণাবলি অনুযায়ী (খ) সেবা অনুযায়ী
(গ) স্বাদ অনুযায়ী (ঘ) গন্ধ অনুযায়ী

২. মোড়কিকরণের ফলে পণ্যের—

- i. গুণগত মান রক্ষা পায় ii. চাহিদা বৃদ্ধি পায়
iii. আকর্ষণীয়তা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:

জনাব নিয়ন একটি প্রতিষ্ঠানের বিপণন ব্যবস্থাপক। তিনি অর্থের অনুসন্ধান, সংগ্রহ এবং বিনিয়োগ কার্য সম্পাদন করেন। এ ছাড়াও বাজার থেকে বিভিন্ন তথ্য সংগ্রহ করে সেগুলো বিশ্লেষণের মাধ্যমে উৎপাদন ব্যবস্থাপককে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। প্রতিষ্ঠানটির পণ্য ব্যবহার করে ক্রেতারা বেশ সন্তুষ্ট।

৩. জনাব নিয়ন বিপণনের কোন কাজটি সম্পাদন করেন?

- (ক) ক্রয় (খ) বিক্রয়
(গ) অর্থসংস্থান (ঘ) ঝুঁকি গ্রহণ

৪. প্রতিষ্ঠানটির সফলতার পিছনে জনাব নিয়নের যে কাজটির ভূমিকাই মূখ্য তা হলো—

- (ক) অর্থসংস্থান (খ) বাজার গবেষণা
(গ) বিক্রয় (ঘ) ঝুঁকি গ্রহণ

৫. কোন বাজার নির্দিষ্ট স্থানে কেন্দ্রীভূত থাকে?

- (ক) ভোক্তা (খ) শিল্প
(গ) পুনঃবিক্রেতা (ঘ) সরকারি

৬. ভোক্তা বাজার বিভক্তিকরণের মনস্তাত্ত্বিক ভিত্তি হলো—

- i. জীবন ধাঁচ ii. পরিবারের আয়তন
iii. সামাজিক শ্রেণি
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭. সেবাগত পণ্য কোনটি?

- (ক) বই (খ) পার্কার
(গ) সাইকেল (ঘ) পেন্সিল

৮. ক্রেতা সন্তুষ্টির মাধ্যমে বিনিময় সম্পর্ক স্থাপন করাকে কী বলে?

- (ক) পরিবেশ (খ) বিপণন
(গ) বাজার (ঘ) চাহিদা

৯. বিপণনের মৌলিক ধারণা কোনটি?

- (ক) উৎপাদন (খ) সঞ্চয়
(গ) বিনিময় (ঘ) ভোগ

উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:

জনাব রায়হান এলাকার বিভিন্ন অঞ্চল থেকে পাট সংগ্রহ করে নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করেন এবং খুলনার বিভিন্ন জুট মিলে সেগুলো বিক্রয় করেন। তিনি পাটের বিক্রয়মূল্য নির্ধারণের ক্ষেত্রে ক্রয়মূল্য, পরিবহন খরচ এবং মুনাফার সমন্বয় ঘটান। বাজারে প্রতিযোগী থাকা সত্ত্বেও তিনি ব্যবসায়ে যথেষ্ট সফল হয়েছেন।

১০. জনাব রায়হান কোন ভিত্তিতে বাজার বিভাজন করেছেন?

- (ক) অঞ্চল ভিত্তিক (খ) শিল্প ভিত্তিক
(গ) ভোক্তা ভিত্তিক (ঘ) জনসংখ্যা ভিত্তিক

১১. জনাব রায়হান যে পন্থতিতে পাটের মূল্য নির্ধারণ করেন, তা হলো—

- (ক) ব্যয়-যোগ মুনাফা (খ) ব্রেক ইভেন বিশ্লেষণ
(গ) ভ্যালু ভিত্তিক (ঘ) প্রতিযোগিতা ভিত্তিক

১২. মুদ্রাস্ফীতি কোন পরিবেশের অন্তর্ভুক্ত?

- (ক) সাংস্কৃতিক (খ) রাজনৈতিক
(গ) অর্থনৈতিক (ঘ) প্রাকৃতিক

১৩. নিচের কোনটি জনমিতিক পরিবেশের উপাদান?

- (ক) জনগণের আয় (খ) মৌলিক মূল্যবোধ
(গ) শিক্ষা ও পেশা (ঘ) ভোক্তার ক্রয়ক্ষমতা

১৪. বিপণনের কাজ নয় কোনটি?

- (ক) বণ্টন (খ) উৎপাদন
(গ) ক্রয়-বিক্রয় (ঘ) বাজার গবেষণা

১৫. সনি টিভি কোন ধরনের পণ্য?

- (ক) সুবিধা পণ্য (খ) শপিং পণ্য
(গ) অযাচিত পণ্য (ঘ) বিশিষ্ট পণ্য

১৬. নিচের কোনটি স্থির ব্যয়?

- (ক) কর্মকর্তার বেতন (খ) বিজ্ঞাপন খরচ
(গ) প্যাকেজিং খরচ (ঘ) কাঁচামালের খরচ

উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:

লামিয়া এবং সামিয়া দুই বোন একত্রে বাজারে গেল। তারা বাজারে পৌঁছানোর পর বৃষ্টি শুরু হলো। তখন একটি ছাতা ক্রয় করলো। এরপর বিভিন্ন দোকানে ঘুরে প্রয়োজনীয় পণ্য সামগ্রী ক্রয় করলো। অবশেষে তারা একটি ম্যাগাজিন ক্রয় করে বাড়ি ফিরলো।

১৭. তাদের ক্রয়কৃত ছাতাটি কোন ধরনের পণ্য?

- ক জরুরি খ প্রধান
গ লোভনীয় ঘ অযাচিত

১৮. উদ্দীপকে উল্লেখিত ম্যাগাজিন হলো—

- ক অত্যাৱশ্যকীয় পণ্য খ জরুরি পণ্য
গ বিশিষ্ট পণ্য ঘ লোভনীয় পণ্য

১৯. বস্টন প্রণালির সাথে জড়িত এক বা একাধিক পক্ষকে কী বলে?

- ক মধ্যস্থ ব্যবসায়ী খ বিক্রয় কর্মী
গ সববরহকারী ঘ বিজ্ঞাপন সংস্থা

২০. ভোগ্যপণ্যের বস্টন প্রণালি দীর্ঘ হওয়ার কারণ—

- i. ক্রেতাদের অবস্থান ii. ক্রেতার সংখ্যা
iii. পণ্য সঙ্কার

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২১. পাইকার কাজের বিনিময়ে কী পায়?

- ক বেতন খ কমিশন
গ মুনাফা ঘ মজুরি

২২. ওয়ারেন্টি হলো—

- i. মূল পণ্য ii. প্রকৃত পণ্য
iii. বর্ধিত পণ্য

নিচের কোনটি সঠিক?

- ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

২৩. নিচের কোনটি পূর্ণসেবাদানকারী পাইকার?

- ক ট্রাক পাইকার খ রয়াক জবারস
গ বিশিষ্ট পাইকার ঘ বিক্রয় প্রতিনিধি

উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:

জনাব আমিরুল রাজশাহী থেকে প্রতি বছর আম ক্রয় করে প্রাণ কোম্পানিকে সরবরাহ করে। বর্তমানে সে অধিক মুনাফার আশায় আমগুলোকে মান অনুযায়ী বিভিন্ন ভাগে ভাগ করে প্রাণ কোম্পানিসহ আরও কয়েকটি কোম্পানিতে

চাহিদানুযায়ী সরবরাহ করছে। এর ফলে সে সফলতা অর্জন করেছে।

২৪. জনাব আমিরুল বস্টন প্রণালির কোন ধরনের সদস্য?

- ক উৎপাদনকারী খ প্রতিনিধি
গ পরিবেশক ঘ ভোক্তা

২৫. জনাব আমিরুল এর সফলতার কারণ হলো—

- ক ক্রয় ও বিক্রয়
খ প্রমিতকরণ ও পর্যায়িতকরণ
গ বৃদ্ধিগ্রহণ ও পৃথকীকরণ
ঘ তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ

২৬. নৈর্ব্যক্তিক উপস্থাপনা কোনটি?

- ক জনসংযোগ খ বিজ্ঞাপন
গ বিক্রয় প্রসার ঘ ব্যক্তিক বিক্রয়

উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:

তিন রাস্তার মোড়ে বুমীর বাড়িটি বেশ উঁচু। এটি সহজে সবার নজরে পড়ে। একটি বিজ্ঞাপন সংস্থা বাড়িটির একটি দেয়াল ভাঙা করে একটি নির্দিষ্ট কোম্পানির বিজ্ঞাপন প্রদান করে। কিন্তু ঐ কোম্পানির বিজ্ঞাপন প্রদানের উদ্দেশ্য অর্জিত হয়নি। পরবর্তীতে সংস্থাটি রং ও ছবির ব্যবহার হয় এমন একটি শক্তিশালী জনপ্রিয় মাধ্যমের সহায়তায় বিজ্ঞাপন প্রদান করে। ফলে প্রতিষ্ঠানটি সফলতা অর্জনে সক্ষম হয়।

২৭. উদ্দীপকে উল্লেখিত ভাঙা করা স্থানটি বিজ্ঞাপনের কোন মাধ্যমে হিসেবে গণ্য হবে?

- ক বহিঃবিজ্ঞাপন খ প্রচার
গ প্রসার ঘ আকাশ বিজ্ঞাপন

২৮. উদ্দীপকের কোম্পানির সফলতার কারণ হলো—

- ক পত্রিকা খ ম্যাগাজিন
গ বিলবোর্ড ঘ টেলিভিশন

২৯. পারস্পরিক ক্রিয়াশীল ও সরাসরি যোগাযোগ করার প্রক্রিয়াকে কী বলে?

- ক বিজ্ঞাপন খ প্রত্যক্ষ বিপণন
গ গণসংযোগ ঘ ব্যক্তিক বিক্রয়

৩০. টেলি-মার্কেটিং কী?

- ক ইন্টারনেটের মাধ্যমে বিক্রয় করা
খ পণ্য প্রদর্শনের মাধ্যমে বিক্রয় করা
গ টেলিফোনের মাধ্যমে ক্রেতার নিকট পণ্য বিক্রয় করা
ঘ টেলিভিশনের সহায়তায় বিক্রয় করা

১	ক	২	খ	৩	গ	৪	ঘ	৫	ঙ	৬	চ	৭	ছ	৮	জ	৯	ট	১০	ঠ	১১	ড	১২	ণ	১৩	ত	১৪	থ	১৫	দ
১৬	ক	১৭	খ	১৮	গ	১৯	ঘ	২০	ঙ	২১	চ	২২	ছ	২৩	জ	২৪	ট	২৫	ঠ	২৬	ড	২৭	ণ	২৮	ত	২৯	থ	৩০	দ